

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৪১

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস প্রমাণ করে যে, চন্দ্র গ্রহণের সালাতে সামুরা রাদ্বিয়াল্লাহু আনহু পিছনের কাতারে ছিলেন, যেখান থেকে তিনি আওয়াজ শুনতে পারেননি

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ سَمُرَةَ لَمْ يَسْمَعْ قِرَاءَةُ الْمُصنْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي صَلَاةِ الْكُسُوف لِأَنَّهُ كَانَ فِي أُخْرَيَات النَّاس بِحَيْثُ لَا يَسْمَعُ صَوْتَهُ

আরবী

2841 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْر بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا الْفَضْلُ بْنُ دُكَيْنِ قَالَ: حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُعَاوِيَةً عَنِ الْأَسْوَدِ بْنِ قَيْسٍ قَالَ: حَدَّثَنِي تَعْلَبَةُ بْنُ عَبَّاد الْعَبْدِيُّ: أَنَّهُ شَهِدَ خِطْبَةَ يَوْمًا لِسَمُرَةَ بْن جُنْدُب فَذَكَرَ فِي خُطْبَتِهِ حَديتًا عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ سَمُرَةُ: بَيْنَا أَنَا يَوْمًا وَغُلَامٌ مِنَ الْأَنْصَارِ نَرْمِي غَرَضًا لَنَا عَلَى عَهْد رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى إِذَا كَانَتِ الشَّمْسُ قَدْرَ رُمْحَيْنِ أَوْ ثَلَاثَةٍ فِي عَيْنِ النَّاظِرِ مِنَ الْأَفْق اسودَّت فَقَالَ أَحَدُنَا لصاحبه: انطلق بنا إلى المسجد فو الله لتُحدثَنَّ هَذهِ الشَّمْسُ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي أُمَّتِهِ حَديثًا قَالَ: فَدَفَعْنَا إِلَى الْمَسْجِد فَوَافَقْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَإِذَا هُوَ بَارَزٌ حِينَ خَرَجَ إِلَى النَّاسِ قَالَ: فَتَقَدَّمَ فَصلَّى بنَا كَأَطْوَل مَا قَامَ بنَا فِي صَلَاةٍ قَطُّ لَا نَسْمَعُ لَهُ صَوْتًا ثُمَّ سَجَدَ كَأَطْوَل مَا سَجَدْنَا فِي صَلَاةٍ - قَطُّ - لَا نَسْمَعُ لَهُ صَوْتًا ثُمَّ قَعَدَ فِي الرَّكْعَةِ التَّانِيَةِ مِثْلَ ذَلِكَ قَالَ: فَوَافَقَ تجلِّي الشَّمْسُ جُلُوسَهُ فِي الركعة الثانية فسلَّم. الراوي: سَمُرَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2841 | خلاصة حكم المحدث: ضعيف ـ ((ضعيف أبي داود)) (216)، ((الإرواء)) (662).

বাংলা



২৮৪১. সামুরাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবদ্দশায় আমি এবং আনসারী কিছু বালক আমরা আমাদের লক্ষ্যবস্তুতে তীর নিক্ষেপ করছিলাম। দর্শকের চোখে সূর্য যখন পূর্ব দিগন্তে দুই বা তিন বর্শা পরিমাণ উঁচুতে উঠে, তখন তা কালো হয়ে যায়। তখন আমাদের একজন তার সঙ্গীকে বলেন, "চলো, আমরা মাসজিদে যাই। আল্লাহর কসম, অবশ্যই এই সূর্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উন্মতের ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পক্ষ থেকে কোন নতুন হুকম নিয়ে আসবে।"

রাবী বলেন, "তারপর আমরা মাসজিদে যাই। আমরা দেখতে পাই যে, তিনি সাহাবীদের কাছে তাশরীফ এনেছেন। অতঃপর তিনি সামনে অগ্রসর হন এবং সবচেয়ে দীর্ঘ সালাত আদায় করেন, আমাদের নিয়ে তিনি এতো দীর্ঘ সালাত আর কখনই আদায় করেননি। আমরা তাঁর আওয়াজ শুনতে পারছিলাম না। তারপর তিনি দীর্ঘ সাজদা করেন, আমাদের নিয়ে তিনি এতো দীর্ঘ সাজদা আর কখনই করেননি। আমরা তাঁর আওয়াজ শুনতে পাচ্ছিলাম না। তারপর তিনি অনুরুপভাবে দ্বিতীয় রাকা'আতে বসেন।

অতঃপর দ্বিতীয় রাকআতে তাঁর বসার সময় সূর্য প্রকাশিত হয়। তারপর তিনি সালাম ফেরান।"[1]

ফুটনোট

[1] হাকিম: ১/৩২৯-৩৩১; সুনান বাইহাকী: ৩/৩৩৯; নাসাঈ: ৩/১৪০-১৪১; সহীহ ইবনু খুযাইমাহ: ২/৩২৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (মিশকাত: ১৪৯০)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন